শিক্ষায় সমৃদ্ধি

সিডিডিএল নৌবাহিনী বিদ্যালয়

CDDL NAVY SCHOOL

EIIN-139231
সিডিডিএল আবাসিক এলাকা, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম।
স্থাপিত: ২০১৬ খ্রিষ্টাব্দ
মোবাইল: 01769744999 ইমেইল: cddlnavyschool@gmail.com

২৩.০২.১৫৬৫.৩৪১.৪০.০০১.২৬. ৪৩ ২৮ কার্তিক ১৪৩৩/ ০৩ নভেম্বর ২০২৬

নিয়োগ বিজ্ঞপ্তি

১। সিডিডিএল নৌবাহিনী বিদ্যালয়ে অস্থায়ীভিত্তিতে বিদ্যালয়ের বেতনে নিম্নোক্ত পদে অফিস সহকারী কাম হিসাব সহকারী নিয়োগের জন্য যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে আবেদনপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্রমিক	পদের নাম	সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা	বেতন
ক।	অফিস সহকারী কাম হিসাব সহকারী	০১	শিক্ষাবোর্ড হতে এইচএসসি (ব্যবসায় শিক্ষা/সমমান)। কম্পিউটার অপারেটিং এ দক্ষতা থাকতে হবে। তবে শিক্ষাজীবনে কোনো স্তরেই তৃতীয় বিভাগ/শ্রেণি গ্রহণযোগ্য নয়।	আলোচনা সাপেক্ষে

২। আগ্রহী প্রার্থীদেরকে আগামী ৩০ নভেম্বর ২০২৬ তারিখের মধ্যে শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, জাতীয় পরিচয়পত্র, জাতীয়তা সনদ ও অভিজ্ঞতা সনদপত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত অনুলিপিসহ "সভাপতি, সিডিডিএল নৌবাহিনী বিদ্যালয়" সিডিডিএল হাউজিং কলোনি, উত্তর পতেঙ্গা, চট্টগ্রাম বরাবর স্বহস্তে লিখিত আবেদনপত্র বিদ্যালয়ের ঠিকানায় সরাসরি/ডাকযোগে প্রেরণ করতে হবে। উল্লেখ্য, আবেদনপত্র, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি ও সনদপত্রসমূহ স্ক্যান করে cddlnavyschool@gmail.com ঠিকানায় ইমেইল করেও আবেদন করা যাবে।

৩। সরাসরি/ডাকযোগে আবেদনের ক্ষেত্রে খামের উপর এবং ইমেইলে আবেদনের ক্ষেত্রে সাবজেক্টের জায়গায় আবেদনকৃত পদের নাম এবং বিজ্ঞপ্তির সূত্র নম্বর উল্লেখ করতে হবে।

৪। আবেদনপত্রের সাথে সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং উপরে বর্ণিত ক্রমিক ক এ উল্লিখিত পদে আবেদনকারীদেরকে টাকা ৩০০.০০ (টাকা তিনশত মাত্র) 'সিডিডিএল নৌবাহিনী বিদ্যালয়' এর নামে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। ইমেইলে আবেদনের ক্ষেত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি পরীক্ষার দিন সাথে আনতে হবে অন্যথায়, আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। পূর্ব অভিজ্ঞতা ও কম্পিউটার ডিপ্লোমাধারী অগ্রাধিকারযোগ্য। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৬। বাছাই ও নিয়োগ প্রক্রিয়ার ক্ষেত্রে সিডিডিএল নৌবাহিনী বিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। বিজ্ঞপ্তিতে উল্লেখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বা এর অংশবিশেষ সংশোধন/বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৭। কোন ধরনের ফৌজদারি বা অন্য কোনো মামলায় অভিযুক্ত বা দন্ডিত হলে কিংবা কোনো সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত/রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠানের চাকরি হতে বরখাস্ত/বহিষ্কৃত হয়ে থাকলে চাকরিতে আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

জিজি মোর্শেদ
ক্যাপ্টেন বিএন
সভাপতি, সিডিডিএল নৌবাহিনী বিদ্যালয়

CamScanner
bekarsfeed.com